# B.A. Semester-III Examination, 2022-23

## বাংলা [ প্রোগ্রাম ]

**Course ID : 30110 Course Code : AP/BNG/304C/SEC-1**

**Course Title : বাংলা ব্যাকরণ**

সময় : ২ ঘন্টা পূর্ণমান : ৪০

নিম্নলিখিত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো : ২×২০=৪০

1. বৈদিক সাহিত্য ও ব্যাকরণ সিদ্ধ তৎসম শব্দকে বলা হয় -

A) দেশি শব্দ B) অসিদ্ধ তৎসম শব্দ

C) মৌলিক শব্দ D) সিদ্ধ তৎসম শব্দ

2. নামের আদ্য অক্ষরগুলি জুড়ে দিয়ে যে শব্দ সৃষ্টি হয় তাকে বলা হয়-

A) মুণ্ডমাল শব্দ B) ধ্বন্যাত্মক শব্দ

C) যমজ শব্দ D) অবিমিশ্র শব্দ

3. শব্দার্থ পরিবর্তনের ধারায় 'কালি' শব্দের যে ধরনের পরিবর্তন ঘটেছে তাকে বলা হয়—

A) শব্দার্থের সংকোচ B) শব্দার্থের প্রসার

C) অর্থ সংক্রম D) কোনোটিই নয়

4. একটি সংবৃত স্বরধ্বনির উদাহরণ হল—

A) আ B) ই

C) অ্যা D) এ

(পরের পাতায়)

5. একটি পার্শ্বিক ধ্বনির দৃষ্টান্ত হল—

A) র B) ব

C) ল D) কোনোটিই নয়

6. প্রাথমিকভাবে বাক্যকে কয় ভাগে ভাগ করা যায়?

A) দুই ভাগে B) তিন ভাগে

C) চার ভাগে D) কোনোটিই নয়

7. বাংলা বাক্যে বিশেষণ পদ বসে -

A) বিশেষ্যের পূর্বে B) বিশেষ্যের পরে

C) উদ্দেশ্যের পরে D) কোনোটিই নয়

8. যাকে উদ্দেশ্য করে বা অবলম্বন করে বাক্য প্রস্তুত হয়, তাকে বলা হয়—

A) বিধেয় B) বিশেষ্য

C) বিশেষণ D) উদ্দেশ্য

9. বৈয়াকরণেরা শুদ্ধ ও পূর্ণাঙ্গ বাক্য গঠনের জন্য কতগুলি শর্তের কথা বলেছেন?

A) ৩টি B) ২টি

C) ৪টি D) ৫টি

10. শব্দের মধ্যে কাছাকাছি অবস্থিত বা সংযুক্ত দুটি ধ্বনির পরস্পর স্থান বিনিময় করার প্রক্রিয়াকে বলা হয়—

A) অপিনিহিতি B) স্বরসঙ্গতি

C) অভিশ্রুতি D) বিপর্যাস

11. সাধারণভাবে একটি সরল বাক্যে কয়টি অংশ থাকে?

A) ২টি B) ৩টি

C) ৪টি D) কোনোটিই নয়

12. ধ্বনি পরিবর্তনের গতিমুখ অনুসারে স্বরসঙ্গতিকে কয় ভাগে ভাগ করা যায়?

A) ২ B) ৩

C) ৪ D) কোনোটিই নয়

13. ধ্বনি উচ্চারণের ক্ষেত্রে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়—

A) জিহ্বা B) দাঁত

C) ঠোঁট D) কোনোটিই নয়

14. শব্দার্থ পরিবর্তনের ধারায় 'বাউল' শব্দটির যে ধরনের পরিবর্তন ঘটেছে -

A) অর্থ বিস্তার B) অর্থাবনতি

C) অর্থ সংক্রম D) কোনোটিই নয়

15. জিহ্বার সম্মুখভাগ শক্ত-তালুতে শ্বাসবায়ু কে বাধা দিয়ে যে ধ্বনি সৃষ্টি করে তাকে বলা হয়—

A) তালব্যধ্বনি B) নাসিক্য ধ্বনি

C) ওষ্ঠ্য ধ্বনি D) কণ্ঠ্য ধ্বনি

16. একটি উষ্মধ্বনির উদাহরণ হল—

A) ম B) চ

C) ফ D) শ



(পরের পাতায়)

17. বিশেষ্য পদকে অন্য কী নামে ডাকা হয়?

A) ক্রিয়াপদ B) নাম পদ

C) ক্রিয়া বিশেষণ পদ D) কর্মপদ

18. স্বরসঙ্গতির দৃষ্টান্ত হল—

A) বিলিতি B) দেশী

C) মাটি D) কোনোটিই নয়

19. স্বরভক্তির অপর নাম হল—

A) অপিনিহিতি B) মধ্য ব্যঞ্জনাগম

C) বিপ্রকর্ষ D) অভিশ্রুতি

20. একটি অঘোষ মহাপ্রাণ ধ্বনির উদাহরণ হল

A) খ্ B) ঘ্

C) গ্ D) চ্

———————